সংবাদ

তারিখ 04 OCT 2017
পৃষ্ঠা ... কলাম ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সমাবেশে ১২ অক্টোবর

গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ধানমন্ডি নগর কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ জানান যে, আগামী ১২ই অক্টোবর ২০১৭ বৃহস্পতিবার সকাল ১০টায় সমগ্র দেশ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত দুই সহস্রাধিক কলেজের অধ্যক্ষ ও আমন্ত্রিত অতিথিদের উপস্থিতিতে বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্রে 'শিক্ষা নিয়ে গড়ব দেশ' স্লোগান নিয়ে এক শিক্ষা সমাবেশ অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নীতি-নির্ধারণী ভাষণদান এবং একটি প্রকল্পসহ ১১টি স্থাপনার ভিত্তিপ্রস্তর স্থাপন/শুভ উদ্বোধন করবেন বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রকল্প ও স্থাপনগুলো হচ্ছে– মুক্তিযুদ্ধ বঙ্গবন্ধু ও বাংলাদেশ গবেষণা ইনস্টিটিউট, 'স্বাধীনতা' ম্যুরাল ১৯৫২-১৯৭১, ১৪-তলা ডরমিটরি ভবন, ৭-তলা আইসিটি ভবন, ৬-তলা সিনেট ভবন, ১০-তলা কর্মকর্তা ভবন, ১০-তলা কর্মচারী ভবন, বরিশাল আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন), রংপুর আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন), চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র (১০-তলা ভবন), এবং কলেজ শিক্ষা উন্নয়ন প্রকল্প (CEDP)। একই সংবাদ সম্মেলনে ২০১৬ সালের জন্য কলেজ পারফরমেন্স র‍্যাংকিং-এর ফলাফল ঘোষণা করা হয়। সর্বোচ্চ স্কোরধারী ৭টি সেরা কলেজ (রাজশাহী কলেজ, সরকারি এডওয়ার্ড কলেজ, সরকারি কারমাইকেল কলেজ, সরকারি বিএম কলেজ, সরকারি আজিজুল হক কলেজ; ঢাকা কমার্স কলেজ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ)-কে অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে এবং মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে এ কলেজগুলো সম্মাননা সনদ ও পুরস্কার গ্রহণ করবেন।



সংবাদ সম্মেলনে উপাচার্য আরো জানান যে, এ বছর ২১শে অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার রজতজয়ন্তী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে। এর মধ্যে রয়েছে– ২১শে অক্টোবর সকাল ১০টায় অভিন্ন ব্যানারে দেশব্যাপি সকল কলেজে শিক্ষক-ছাত্র-কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে আনন্দ শোভাযাত্রা, ২৫শে অক্টোবর সকাল ১১টায় গাজীপুর ক্যাম্পাসে কেন্দ্রীয়ভাবে রজতজয়ন্তী অনুষ্ঠানের শুভ উদ্বোধন ও ক্যাম্পাস সংলগ্ন সড়কে আনন্দ শোভাযাত্রা এবং ২৬শে অক্টোবর সকাল ১০টায় প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভা, স্মৃতিচারণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। দুদিনের এ অনুষ্ঠানে যথাক্রমে আ ক ম মোজাম্মেল হক এমপি, মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং নুরুল ইসলাম নাহিদ এমপি, মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। প্রতিষ্ঠাবার্ষিকী বক্তা হিসেবে উপস্থিত ও বক্তব্য রাখবেন মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। সংবাদ সম্মেলনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য ড. হাফিজ মুহাম্মদ হাসান বাবু, প্রো-উপাচার্য ড. মো. মশিউর রহমান ও কোষাধ্যক্ষ প্রফেসর মো.নোমান উর রশীদ উপস্থিত ছিলেন। **সংবাদ বিজ্ঞপ্তি**